



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/জয়পুরহাট-২৭/ ৪৪

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিষয়: প্রস্তাবিত ম্যানেজিং কমিটির আবেদন কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: ১। উনিঅ, পাঁচবিবি, জয়পুরহাট এর স্মারক নং ০৫.৪৩.৩৮৭৪.০০০.০৬.০০৩.২২-১০৬৯(১); তারিখ: ২০-১১-২০২২ খ্রিঃ
২। উকুঅ, এর স্মারক নং-৬০৬, তারিখ: ০৩-১১-২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলাধীন কুয়াতপুর জিন্নাতিয়া দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতির যোগসাজশে ভুয়া ভোটার তালিকার মাধ্যমে গোপনে ম্যানেজিং কমিটি গঠনের বিরুদ্ধে দাতা সদস্য দাবীদার মোঃ জামাত আলী গং একখানা অভিযোগ দাখিল করেছেন। বর্ণিত অভিযোগ ও সার্বিক বিষয়ে সরে-জমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার পাঁচবিবি জয়পুরহাট কে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামত দাখিলের জন্য উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি, জয়পুরহাটকে দায়িত্ব প্রদান করেন। সামগ্রিক বিষয়ে বিশ্লেষণ করে তদন্তকারী কর্মকর্তা মনে করেন যে, উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির নির্বাচনে সকল সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করা হয়নি এবং স্পষ্ট স্বাক্ষর জালিয়াতি এবং অভিভাবক সদস্য (ইবি) নির্বাচনের ক্ষেত্রে সম্পূর্ণ মিথ্যা তথ্যের আশ্রয় নেয়া হয়েছে।

বর্ণিত অবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিবেদনের আলোকে প্রস্তাবিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে দাতা সদস্য দাবীদার মোঃ জামাত আলী গং এর অভিযোগের বিষয়টি প্রমাণিত হওয়ায় প্রস্তাবিত ম্যানেজিং কমিটির আবেদন কেন বাতিল করা হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১। সভাপতি (প্রস্তাবিত)
কুয়াতপুর জিন্নাতিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: শালাইপুর, উপজেলা: পাঁচবিবি, জেলা: জয়পুরহাট;

২৭.১২.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
কুয়াতপুর জিন্নাতিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: শালাইপুর, উপজেলা: পাঁচবিবি, জেলা: জয়পুরহাট;

২৭/১২/২০২২

নং-বামাশিবো/প্রশা/জয়পুরহাট-২৭/ ৪৪

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জয়পুরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট;
৫. মোঃ জামাত আলী গং, (অভিযোগকারী), গ্রাম-কুয়াতপুর, ডাকঘর-শালাইপুর, থানা: পাঁচবিবি, জেলা: জয়পুরহাট;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

২৭/১২/২২

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৭/১২/২০২২